গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ / ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং-১৮১-আইন/২০১১/৬০৪-মূসক।**- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেট (হাতে তৈরি বিড়ি ব্যতীত) এর ওপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আদায়ের লক্ষ্যে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:–

১। **সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**।- (১) এই বিধিমালা **আমদানিকৃত বা উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি) বিধিমালা, ২০১১** নামে অভিহিত হইবে।

(২) ইহা আগামী ১লা অক্টোবর, ২০১১ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) "বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১;

(গ) "কর" অর্থ আইনের ধারা ৩ এ বর্ণিত মূল্য সংযোজন কর ও ধারা ৭ এ বর্ণিত সম্পূরক শুল্ক।

৩। **স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর ব্যবহার পদ্ধতি, ইত্যাদি**।- (১) আমদানিকারক বা আইনের অধীন নিবন্ধিত উৎপাদক, অতঃপর উৎপাদক বলিয়া উল্লিখিত, ১৮ই কার্তিক ১৪০৭ বাংলা মোতাবেক ২রা নভেম্বর, ২০০০ ইং তারিখের প্রজ্ঞাপন নং এসআরও ৩৩০-আইন/২০০০/২৯৬-মূসক এর মাধ্যমে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখ হইতে আমদানিকৃত বা উৎপাদিত সিগারেটের প্যাকেটে, বিধি ৫ ও ৬ এ বিধৃত পদ্ধতিতে তদকর্তৃক নির্দিষ্টকৃত মূল্যমানের নিরাপত্তামূলক ব্যবস্থা সংবলিত বিশেষ আকার ও ডিজাইনের স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার করিবে।

(২) আমদানিকৃত বা উৎপাদিত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর ব্যবহারের উদ্দেশ্যে আমদানিকারক বা উৎপাদক বোর্ড কর্তৃক সময় সময় প্রশাসনিক আদেশ দ্বারা জারিকৃত নির্দেশনা অনুসারে স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংগ্রহ করিবে।

৪। **স্ট্যাম্প ও ব্যান্ডরোল এর আকার এবং ডিজাইন**।- (১) সিগারেটের প্যাকেটে ব্যবহার্য স্ট্যাম্পের আকার হইবে দৈর্ঘ্যে ৪৫ (পঁয়তাল্লিশ) মিলিমিটার ও প্রস্থে ২০ (বিশ) মিলিমিটার এবং ব্যান্ডরোলের আকার হইবে দৈর্ঘ্যে ১৪০±০.৫ মিলিমিটার এবং প্রস্থে ১৪±০.২৫ মিলিমিটার।

National Board of Revenue

স্ট্যাম্পের ডিজাইন হইবে প্রধান রং এর ভিত্তিতে যথাক্রমে "হালকা মেরুন", "হালকা সবুজ", "হালকা নীল" ও "হালকা খয়েরী" এবং ব্যান্ডরোলের ডিজাইন হইবে "হালকা গোলাপী" ও "হালকা সবুজ"।

(২) উপ-বিধি(১) এ উল্লিখিত স্ট্যাম্প ও ব্যান্ডরোলের মূল্যমান বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

৫। **উৎপাদিত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর পদ্ধতি।**- (১) উৎপাদিত সিগারেটের প্যাকেটে নিম্নবর্ণিত পদ্ধতিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইতে (affix) হইবে, যথাঃ

(ক) উৎপাদনের পর সিগারেটের প্যাকিং পর্যায়ে সংশ্লিষ্ট সিগারেট কারখানায় স্থাপিত স্ট্যাম্পিং মেশিন দ্বারা সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইতে হইবে;

(খ) স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর সময় কমিশনার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তার নিম্নে নহে এমন কোন কর্মকর্তার উপস্থিতিতে উক্ত মেশিন দ্বারা স্ট্যাম্প বা ব্যান্ডরোলে আঁঠা (Glue) লাগাইয়া-

(অ) হার্ড ও সফট প্যাকেট খোলার মুখে এমনভাবে স্ট্যাম্প লাগাইতে হইবে যেন উক্ত লাগানো স্ট্যাম্প ছিঁড়িয়া ফেলা ব্যতীত সংশ্লিষ্ট সিগারেট প্যাকেটের মুখ খোলা না যায়; এবং

(আ) শেল এন্ড স্লাইড প্যাকেটের প্রস্থের দিকে দুই প্রান্তের স্লাইডকে যুক্ত করিয়া এমনভাবে ব্যান্ডরোল লাগাইতে হইবে যেন উক্ত লাগানো ব্যান্ডরোল ছিঁড়িয়া ফেলা ব্যতীত প্যাকেটের কোনো মুখ খোলা না যায়; এবং

(ই) হার্ড ও সফট্ প্যাকেটে এবং শেল এন্ড স্লাইড প্যাকেটে এমনভাবে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইতে হইবে যাহাতে মুদ্রিত খুচরা মূল্য সহজেই দেখা যায় এবং কোন ক্রমেই স্ট্যাম্প, ব্যান্ডরোল বা অন্য কোন কারণে খুচরা মূল্য যাহাতে আবৃত না হয়।

ব্যাখ্যা।- এই উপ-বিধিতে -

(ক) "হার্ড ও সফট প্যাকেট" অর্থ শক্ত বা নরম কাগজ বা কাগজের বোর্ড বা অন্য কোনো উপকরণের তৈরি এক মুখ খোলা ও এক মুখ আবদ্ধ দশ বা বিশ শলাকা সিগারেট ধারণযোগ্য সিগারেটের প্যাকেট; এবং

(খ) "শেল এন্ড স্লাইড প্যাকেট" অর্থ শক্ত বা নরম কাগজ বা কাগজের বোর্ড বা অন্য কোনো উপকরণের তৈরি দশ বা বিশ শলাকা ধারণযোগ্য সিগারেটের প্যাকেট যাহার দুই মুখ খোলা।

(২) স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর স্ট্যাম্পিং মেশিনের কারিগরি ক্রটির কারণে কোনো স্ট্যাম্প বা ব্যান্ডরোল নষ্ট হইলে, উক্ত নষ্ট হইয়া যাওয়া স্ট্যাম্প বা ব্যান্ডরোল উৎপাদক কর্তৃক সংরক্ষণ করিতে হইবে।

(৩) নষ্ট হওয়া স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর সংখ্যা কোনোক্রমেই ব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর মোট সংখ্যার ১% হইতে অধিক হইতে পারিবে নাঃ

তবে শর্ত থাকে যে, কারিগরি ক্রটি ব্যতীত অন্য কোনো কারণে স্ট্যাম্প বা ব্যান্ডরোল নষ্ট হওয়ার ক্ষেত্রে, বোর্ডের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্ত সাপেক্ষে, ব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর মোট সংখ্যা সর্বোচ্চ ২% পর্যন্ত নষ্ট হইয়াছে বলিয়া গণ্য হইবে।

National Board of Revenue

(৪) উপ-বিধি(৩) এর নির্ধারিত সংখ্যক বা হারের বেশি স্ট্যাম্প বা ব্যান্ডরোল নষ্ট হইলে বা নষ্ট হইয়াছে মর্মে দেখানো হইলে সংশ্লিষ্ট উৎপাদক কর্তৃক উক্তরূপ নষ্ট হইয়া যাওয়া অতিরিক্ত স্ট্যাম্প বা ব্যান্ডরোল যে সংখ্যক সিগারেট প্যাকেটে লাগানো যাইত সেই সংখ্যক সিগারেট প্যাকেটের ক্ষেত্রে প্রদেয় কর প্রদান করিতে হইবে।

৬। **আমদানিকৃত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর পদ্ধতি।**- (১) আমদানিকৃত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর ক্ষেত্রে-

(ক) আমদানিকারক কর্তৃক সিগারেট আমদানির ক্ষেত্রে আমদানি ঋণপত্রে "জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশিত স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানো" শীর্ষক শর্ত উল্লেখ করিতে হইবে;

(খ) সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্দেশিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

(২) স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানো অবস্থায় সিগারেটের প্যাকেট আমদানি হইয়াছে কিনা সেই সম্পর্কে নিশ্চিত হইয়া সংশ্লিষ্ট শুল্ক আদায়কারী কর্তৃপক্ষ উক্ত সিগারেট চালান শুল্কায়ন করিবেন এবং নিরূপিত কর বাবদ প্রদেয় অর্থ হইতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ক্রয়কালে প্রদত্ত অর্থ সমন্বয় করিয়া অবশিষ্ট কর বাবদ প্রাপ্য রাজস্ব আদায়ক্রমে সিগারেটের চালান খালাস করা যাইবে।

৭। **প্রতিবেদন।**- (১) উৎপাদক বা আমদানিকারক তাহাদের সংগৃহীত স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর মজুদ, ব্যবহার, মাসওয়ারী বিবরণ সংবলিত প্রতিবেদন পরবর্তী মাসের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

(২) সিগারেট উৎপাদক বা আমদানিকারক কর্তৃক তাহাদের উৎপাদিত সিগারেট বাজারজাতকরণের বিক্রয় কেন্দ্রসহ নিয়োগকৃত ডিলার, এজেন্ট, ডিস্ট্রিবিউটর এর নাম ও ঠিকানা স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিতে হইবে।

৮। **তদারকি।**- (১) সিগারেট উৎপাদন কারখানায় সিগারেটের প্যাকেটে বিধি ৫ এ নির্ধারিত পদ্ধতিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর প্রক্রিয়া পর্যবেক্ষণ ও নিশ্চিত করিবার লক্ষ্যে কমিশনার কারখানায় সার্বক্ষণিকভাবে সহকারী রাজস্ব কর্মকর্তা উপস্থিতি নিশ্চিত করিবেন এবং সহকারী রাজস্ব কর্মকর্তা কারখানার ইস্যুকৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের চাহিদাপত্র এবং উহা সরবরাহের আদেশপত্র, স্ট্যাম্প বা ব্যান্ডরোল মজুদ, সিগারেট প্যাকেটের গায়ে স্ট্যাম্প ব্যবহার সম্পর্কিত ব্যবস্থা ইত্যাদি কার্যক্রম পর্যবেক্ষণ এবং তদসম্পর্কে তাহার মন্তব্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে লিপিবদ্ধ করিবেন।

(২) এই বিধিমালার অধীন নির্ধারিত পদ্ধতিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংগ্রহ করিয়া উহা উৎপাদিত বা আমদানিকৃত সিগারেটের প্যাকেটে যথাযথভাবে ব্যবহার হইয়াছে কিনা তাহা নিশ্চিত করিবার লক্ষ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তা প্রতি পনের দিন অন্তর একবার, সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা প্রতি তিন মাস অন্তর একবার সংশ্লিষ্ট সিগারেট কারখানা পরিদর্শন করিবেন।

৯। **স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর হিসাব সংরক্ষণ ইত্যাদি।**- (১) সিগারেট উৎপাদক বা আমদানিকারক সিগারেট প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর মাসিক সম্ভাব্য চাহিদা সংখ্যা, বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(২) সিগারেটের প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে উৎপাদক বা আমদানিকারক কর্তৃক পর্যাপ্ত পরিমাণ স্ট্যাম্প বা ব্যান্ডরোল মজুদ রাখিয়া নতুন স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংগ্রহ করিতে হইবে।

National Board of Revenue

(৩) আমদানিকারক বা উৎপাদক কর্তৃক সংগৃহীত স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংশ্লিষ্ট সিগারেট কারখানায় আনয়নের পর, বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে, স্ট্যাম্প বা ব্যান্ডরোলের যাবতীয় তথ্য লিপিবদ্ধ রাখিতে হইবে।

(৪) উৎপাদক একটি নির্দিষ্ট সময়ে কোনক্রমেই কারখানার গড় চাহিদা অনুযায়ী ২(দুই) মাসের অধিক পরিমাণ স্ট্যাম্প বা ব্যান্ডরোল মজুদ রাখিতে পারিবেন না এবং কোন কারণে বেশী মজুদ থাকিলে কর্তব্যরত সহকারী রাজস্ব কর্মকর্তা তাহা সরেজমিন যাচাই করিয়া ব্যান্ডরোল রেজিস্টারে নাম, দস্তখত ও নামীয় সীল প্রদানপূর্বক লিপিবদ্ধ করিবেন এবং ২(দুই) কার্যদিবসের মধ্যে তা মূসক সার্কেল ও বিভাগীয় দপ্তরকে পত্রের মাধ্যমে অবহিত করিবেন।

(৫) কর্তব্যরত সহকারী রাজস্ব কর্মকর্তা কারখানার দৈনিক কার্যক্রমের সাথে মিল রাখিয়া একটি সুবিধাজনক সময়ে নকল, জাল, নষ্ট বা ব্যবহার অনুপযোগী স্ট্যাম্প বা ব্যান্ডরোলের সংখ্যা ব্যান্ডরোল রেজিস্টারে তারিখ অনুযায়ী নাম, দস্তখত ও নামীয় সীল প্রদানপূর্বক লিপিবদ্ধ করিবেন।

(৬) উপ-বিধি(৫) এ উল্লিখিত কর্মকর্তা নকল, জাল, নষ্ট বা ব্যবহার অনুপযোগী বা বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনে ফেরতযোগ্য স্ট্যাম্প বা ব্যান্ডরোলের হিসাব পাক্ষিক ভিত্তিতে মূসক সার্কেল ও বিভাগীয় দপ্তরকে পত্রের মাধ্যমে অবহিত করিবেন।

(৭) মূসক বিভাগীয় কর্মকর্তা প্রতি মাসের ১০(দশ) কার্যদিবসের মধ্যে পূর্ববর্তী মাসের সংশ্লিষ্ট সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যান্ডরোলের মজুদ, নকল, জাল, নষ্ট বা ব্যবহার অনুপযোগী স্ট্যাম্প বা ব্যান্ডরোলের সংখ্যা, বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনে ফেরতযোগ্য স্ট্যাম্প বা ব্যান্ডরোলের হিসাব, রাজস্ব তথ্য সংশ্লিষ্ট কমিশনারেটে প্রেরণ করিবেন।

১০। রহিতকরণ ও হেফাজত।- (১) এসআরও নং ২৪৭-আইন/২০০১/৩২৪-মূসক, তারিখ ৩ সেপ্টেম্বর, ২০০১ এর অধীন জারীকৃত আমদানিকৃত বা উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (প্যাকেট স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি) আদেশ, ২০০১ আগামী ০১ অক্টোবর, ২০১১ তারিখে রহিত হইবে।

(২) উপ-বিধি(১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও রহিতকৃত আদেশের অধীন নির্ধারিত স্ট্যাম্প ও ব্যান্ডরোল আগামী ৩১ ডিসেম্বর, ২০১১ খ্রিঃ তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( ড. মোঃ সহিদুল ইসলাম )
প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)

National Board of Revenue